

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
আদর্শ সদর, কুমিল্লা

স্মারক নং : ১৩.০১.১৯৬৭.০০১.৫০.০০১.২৪.১৭৪

তারিখ: ০৩/০৬/২০২৫ খ্রি:

আদর্শ সদর উপজেলা, কুমিল্লায় খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

আদর্শ সদর উপজেলা, কুমিল্লা এর আওতাধীন ২ টি বিক্রয়কেন্দ্রে খাদ্যবান্ধব কার্যক্রম পরিচালনার জন্য খাদ্যবান্ধব নীতিমালা-২০২৪ এবং এই সংক্রান্ত পরিপত্রের আলোকে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। আদর্শ সদর উপজেলা, কুমিল্লা-তে স্থায়ীভাবে বসবাসকারী যেকোন আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নবর্ণিত কেন্দ্রের অনুকূলে উল্লিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে আবেদন আহবান করা যাচ্ছে।

ইউনিয়নের নাম	বিক্রয়কেন্দ্রের নাম	ইউনিয়নের নাম	বিক্রয়কেন্দ্রের নাম
আমড়াতলী	জনতা বাজার	পাঁচখুবি	সূবর্ণপুর বাজার

আবেদনকারীর যোগ্যতা:

- ১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক এবং আদর্শ সদর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
 - ২। আবেদনকারীর নির্দিষ্ট বিক্রয়কেন্দ্রে নিজস্ব/ভাড়া দোকান থাকতে হবে।
 - ৩। আবেদনকারী খাদ্যশস্য লাইসেন্সধারী ও ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
 - ৪। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং ১৫ মে. টন খাদ্যশস্য সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।
 - ৫। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে।
 - ৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িক বরখাস্তকৃত কোন ব্যক্তি আবেদন করতে পারবেন না।
 - ৭। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীর ডিলার হতে পারবেন না।
 - ৮। কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
 - ৯। আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি, জাতীয় পরিচয়পত্র ও নাগরিক সনদপত্রের কপি, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, খাদ্যশস্য লাইসেন্স (ফুডগ্রেইন) এর কপি, ট্রেড লাইসেন্সের কপি, দোকানের মালিকানা/ ভাড়া সংক্রান্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে সকল চাহিত কাগজপত্রাদির সত্যায়িত কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) আগামী ১৮/০৬/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, অশোকতলা, আদর্শ সদর, কুমিল্লায় সীলগালা খামে জমা প্রদান করতে হবে। খামের উপর কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

মো: আনোয়ার হোসেন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
আদর্শ সদর, কুমিল্লা।

তারিখ: ০৩/০৬/২০২৫ খ্রি:

স্মারক নং : ১৩.০১.১৯৬৭.০০১.৫০.০০১.২৪.১৭৪

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ০২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।
- ০৪। উপজেলা নিবাহী অফিসার, আদর্শ সদর, কুমিল্লা ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
- ০৫। উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা এর নোটিশ বোর্ড।
- ০৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা এর নোটিশ বোর্ড।
- ০৭। ইউনিয়ন পরিষদ (সকল)..... আদর্শ সদর, কুমিল্লা এর নোটিশ বোর্ড।
- ০৮। অফিস কপি।

মো: আনোয়ার হোসেন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
আদর্শ সদর, কুমিল্লা।